

# ডীনের খোলা চিঠি

## পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট
## ও
## সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট

### সিমেস্টার ২৪২

বাউবির দীক্ষা:
সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা




স্কুল অব বিজনেস
School of Business

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

স্কুল অব বিজনেস
School of Business

# ডীনের খোলা চিঠি

## পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট
## ও
## সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট

## সিমেস্টার ২৪২

| গুরুত্বপূর্ণ তারিখসমূহ | বর্তমান সেমিস্টার ২৪২ (২য় লেভেল) |
|---|---|
| ২৪২ সেমিস্টারের ক্লাস শুরুর তারিখঃ | ১০ জুলাই ২০২৬ |
| প্রথম এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখঃ | ২৮ আগস্ট ২০২৬ |
| দ্বিতীয় এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখঃ | ০৯ অক্টোবর ২০২৬ |
| পরীক্ষার পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার শেষ তারিখঃ (পুনঃপরীক্ষার জন্য ফি প্রদান অত্যাবশ্যক) | ২৭ জুলাই ২০২৬<br>২৫ সেপ্টেম্বর ২০২৬ |
| সেমিস্টার ক্লাসের শেষ তারিখঃ | ০৯ অক্টোবর ২০২৬ |
| সেমিস্টার পরীক্ষা শুরুর তারিখঃ | ০৬ নভেম্বর ২০২৬ |
| সেমিস্টার পরীক্ষা শেষ তারিখঃ | ০৪ ডিসেম্বর ২০২৬ |

**এমবিএ প্রোগ্রামে ভর্তির সুযোগ!**

বর্তমানে যারা পিজিডিএম প্রোগ্রামে ভর্তি হয়েছেন, তারা এই প্রোগ্রাম সম্পন্ন করে ন্যূনতম সিজিপিএ ২.০০ অর্জন করতে পারলেই সরাসরি এমবিএ প্রোগ্রামের ১ম লেভেল এ ভর্তির সুযোগ পাবেন। সিজিপিএ ২.৫০ বা তার উর্ধ্বে থাকলে আপনাকে স্কুল অব বিজনেস কর্তৃক পরিচালিত এমবিএ প্রোগ্রামে সরাসরি দ্বিতীয় লেভেল এ ভর্তি হবার সুযোগ দেয়া হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

# ডীনের খোলা চিঠি



## সিমেস্টার ২৪২

## পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট

## প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য

| গুরুত্বপূর্ণ তারিখসমূহ | বর্তমান সেমিস্টার ২৪২ (২য় লেভেল) |
|---|---|
| ২৪২ সেমিস্টারের ক্লাস শুরুর তারিখঃ | ১০ জুলাই ২০২৬ |
| প্রথম এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখঃ | ২৮ আগস্ট ২০২৬ |
| দ্বিতীয় এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখঃ | ০৯ অক্টোবর ২০২৬ |
| পরীক্ষার পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার শেষ তারিখঃ (পুনঃপরীক্ষার জন্য ফি প্রদান অত্যাবশ্যক) | ২৭ জুলাই ২০২৬– ২৫ সেপ্টেম্বর ২০২৬ |
| সেমিস্টার ক্লাসের শেষ তারিখঃ | ০৯ অক্টোবর ২০২৬ |
| সেমিস্টার পরীক্ষা শুরুর তারিখঃ | ০৬ নভেম্বর ২০২৬ |
| সেমিস্টার পরীক্ষা শেষ তারিখঃ | ০৪ ডিসেম্বর ২০২৬ |

### এম.বি.এ.প্রোগ্রামে ভর্তির সুযোগ !

বর্তমানে যারা পিজিডিএম প্রোগ্রামে ভর্তি হয়েছেন, তারা এই প্রোগ্রাম সম্পন্ন করে ন্যূনতম সিজিপিএ ২.০০ অর্জন করতে পারলেই সরাসরি এমবিএ প্রোগ্রামের ১ম লেভেলে এ  ভর্তির সুযোগ পাবেন। সিজিপিএ ২.৫০ বা তার উর্ধ্বে থাকলে আপনাকে স্কুল অব বিজনেস কর্তৃক পরিচালিত এমবিএ প্রোগ্রামে সরাসরি দ্বিতীয় লেভেল এ  ভর্তি হবার সুযোগ দেয়া হবে।



স্কুল অব বিজনেস
SCHOOL OF BUSINESS
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# স্কুল অব বিজনেস
## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

### ডীনের খোলা চিঠি

প্রিয় শিক্ষার্থী,

স্কুল অব বিজনেস, বাউবি কর্তৃক পরিচালিত সার্টিফিকেট ইন্ ম্যানেজমেন্ট (সিআইএম) ও পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (পিজিডিএম) প্রোগ্রামে আপনাকে জানাচ্ছি স্বাগতম। বিভিন্ন পেশা ও শ্রেণীর মানুষের ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা সৃষ্টির লক্ষ্যে চালুকৃত এ প্রোগ্রামটির প্রতি আপনার আগ্রহ আমাদেরকে অনুপ্রাণিত করেছে। আমরা বিশ্বাস করি এ প্রোগ্রামের সবক'টি কোর্স সম্পন্ন করার মাধ্যমে আপনি একজন আধুনিক ও দক্ষ ব্যবস্থাপক হিসেবে আত্মপ্রকাশ করতে সক্ষম হবেন এবং সমাজকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে ভূমিকা রাখতে পারবেন।

২৪২ সিমেস্টারের গণনা শুরু হবে ১০ জুলাই ২০২৬ থেকে এবং শেষ হবে ০৯ অক্টোবর ২০২৬ তারিখে। এই সময়ে আপনি আপনার কোর্সগুলোর নির্ধারিত পাঠ পড়বেন এবং সময় মত এ্যাসাইনমেন্ট জমা দেবেন। এই সিমেস্টারে যে সকল কোর্সে আপনি নিবন্ধিত হয়েছেন, সেই কোর্সগুলির এ্যাসাইনমেন্ট অবশ্যই চলতি সিমেস্টারের নির্ধারিত তারিখে জমা দিবেন। পূর্ববর্তী সিমেস্টারে নিবন্ধনকৃত কোন কোর্সের এ্যাসাইনমেন্ট যদি আপনি এখনও জমা না দিয়ে থাকেন তবে সেই কোর্সের এ্যাসাইনমেন্ট জমাদানের সুযোগ আপনি আর পাবেন না। স্কুল অব বিজনেসের বর্তমান নিয়ম অনুসারে চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সের এ্যাসাইনমেন্ট পরবর্তী সিমেস্টারে গ্রহণ করা হয় না। চলতি সিমেস্টারে কোন কোর্সের এ্যাসাইনমেন্ট জমা না দিলে সংশ্লিষ্ট কোর্সে এ্যাসাইনমেন্ট -এর ২০ নম্বরে আপনি শূন্য (০) পাবেন। একবার এ্যাসাইনমেন্ট জমা দিলে ঐ এ্যাসাইনমেন্ট-এর নম্বর স্কুল সংরক্ষণ করবে এবং আপনি যখন লিখিত পরীক্ষা দিবেন, লিখিত পরীক্ষার নম্বরের সাথে উক্ত এ্যাসাইনমেন্ট-এর নম্বর যোগ করা হবে (বিস্তারিত ৮-পৃষ্ঠায়)। **লক্ষ্য করুন, চলতি সিমেস্টার থেকে এ্যাসাইনমেন্ট জমাদানের সময় প্রত্যেক কোর্সের প্রতিটি এ্যাসাইনমেন্ট-এর প্রথমে ১০-পৃষ্ঠার নমুনা কভার পৃষ্ঠা ও এর পরই আপনার আইডি কার্ডের (উভয় দিক) ফটোকপি সংযুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে।**

**২৪২ সিমেস্টার থেকে প্রোগ্রামের নিম্নলিখিত পরিবর্তনগুলি লক্ষ্য করুন ঃ**

- জিডিএম প্রোগ্রামের কাঠামো ও নাম পরিবর্তন করে **পিজিডিএম** করা হয়েছে;
- কমার্স গ্র্যাজুয়েটদের ৩ সিমেস্টারে ১২টি কোর্সের পরিবর্তে ২ সিমেস্টারে ১০টি কোর্স সম্পন্ন করতে হবে;
- নন-কমার্স গ্র্যাজুয়েটদের ৪ সিমেস্টারে ১৬টি কোর্সের পরিবর্তে ৩ সিমেস্টারে ১৪টি কোর্স সম্পন্ন করতে হবে;
- এই পুনর্গঠিত **পিজিডিএম** প্রোগ্রামে পূর্ববর্তী জিডিএম প্রোগ্রামের ছাত্রদের সমন্বিত করা হবে;

এ্যাসাইনমেন্ট জমাদানের সময় ১০ পৃষ্ঠায় প্রদত্ত কভার পৃষ্ঠাসহ আইডি কার্ডের ফটোকপি প্রদান করতে হবে (বিস্তারিত ০৮ পৃষ্ঠায়)

### সকল ছাত্রের জন্য অবশ্যই পালনীয়

সংশ্লিষ্ট সিমেস্টারের এ্যাসাইনমেন্ট জমাদান, পরবর্তী সিমেস্টারের কোর্সে নিবন্ধন সংক্রান্ত নির্ধারিত সময় কোন অবস্থাতেই পরিবর্তন করা হবে না। নির্ধারিত সময়ের পর এ সংক্রান্ত কোন প্রকার আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। নিম্নলিখিত নির্ধারিত তারিখগুলি এখনই আপনার ডায়রীতে চিহ্নিত করে রাখুন এবং নির্ধারিত সময়ের মধ্যেই প্রয়োজনীয় কাজ সম্পন্ন করুন ঃ

- ☞ সকল কোর্সের প্রথম এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখ ঃ ২৮ আগস্ট ২০২৬
- ☞ সকল কোর্সের দ্বিতীয় এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখ ঃ ০৯ অক্টেবর, ২০২৬
- ☞ পূর্ববর্তী সিমেস্টারের শিক্ষার্থীদের পরীক্ষার পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার শেষ তারিখ ঃ ২৭ জুলাই ২০২৬–২৫ সেপ্টেম্বর ২০২৬ **(পুনঃপরীক্ষার জন্য ফি প্রদান অত্যাবশ্যক)**

মনে রাখবেন, আপনার যে সকল কোর্স তিন ক্রেডিটের সেগুলোতে সপ্তাহে ন্যূনতম তিনটি পাঠ ও যে গুলো দুই ক্রেডিটের সেগুলোতে সপ্তাহে ন্যূনতম দুটি পাঠ পড়বেন। এই প্রক্রিয়ায় নির্ধারিত সময়ের মধ্যেই সম্পূর্ণ পাঠসামগ্রী পড়া শেষ হবে। প্রতিটি পাঠ আপনার কাছে আমাদের দেয়া এক একটি শ্রেণীকক্ষের পাঠ। যে সকল পাঠ অপেক্ষাকৃত জটিল কিংবা যে গুলো আপনার মনে রাখা বা বিষয়টি আয়ত্ব করা কঠিন, সেগুলোর জন্য আমরা টিউটোরিয়াল ক্লাস এবং রেডিও ও টিভি অনুষ্ঠানের ব্যবস্থা করেছি।

## নতুন ছাত্রদের জন্য জ্ঞাতব্য

আপনাকে দেয়া আমাদের ভর্তি নির্দেশিকাটি আবার পড়ুন। আপনি যে ক'টি কোর্সে রেজিস্ট্রেশন করেছেন ঠিক সে ক'টি বই ও প্রতিটি কোর্সের এ্যাসাইনমেন্ট এবং এই চিঠিটি গ্রহণ করবেন। যদি কোন কারণে আমাদের কোন বই পাঠাতে বিলম্ব হয় সে ক্ষেত্রে আপনি নিজ দায়িত্বে তা পরে সংগ্রহ করবেন। আপনার আঞ্চলিক কেন্দ্রের ফোন নম্বর নির্দেশিকায় রয়েছে যা প্রয়োজনে ব্যবহার করবেন। এ্যাসাইনমেন্ট সময়মত জমা দিন এবং এ্যাসাইনমেন্ট তৈরি করতে প্রয়োজনে টিউটরের সাহায্য নিন।

আমি নিচের কয়েকটি বিষয়ের প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করছি -

- যে সকল কোর্সের ক্রেডিট ঘন্টা ৩, সেগুলির প্রতি কোর্সেই সপ্তাহে ন্যূনতম ৩টি করে পাঠ শেষ করুন।
- যে সকল কোর্সের ক্রেডিট ঘন্টা ২, সেগুলির প্রতি কোর্সেই সপ্তাহে ন্যূনতম ২টি করে পাঠ শেষ করুন।
- পাঠ্যবইয়ের লেখক আপনার শিক্ষক, তাঁদের লেকচার মনোযোগ সহকারে পড়ুন। (প্রতিটি পাঠই তাঁদের লেকচার)
- কোন বিষয় কঠিন মনে হলে টিউটরকে জিজ্ঞাসা করুন।
- সময় মত এ্যাসাইনমেন্ট জমা দিন। এ্যাসাইনমেন্ট -তে প্রাপ্ত নম্বর আপনার গ্রেডের অংশ। বিলম্বে প্রাপ্ত এ্যাসাইনমেন্ট গ্রহণ করা হয় না।
- লিখিত পরীক্ষা ৮০ নম্বরের হবে।

## সিমেস্টারের প্রথম দিন

১০ জুলাই ২০২৬ হবে ২৪২ সিমেস্টারের প্রথম দিন। তবে আপনার নির্ধারিত স্টাডি সেন্টারে কোন্ কোন্ তারিখে টিউটোরিয়াল ক্লাস হবে তা এবং টিউটোরিয়াল ক্লাসের সময় পৃষ্ঠা-৮ থেকে জেনে নিন।

## সিমেস্টারের শেষ দিন

০৯ অক্টোবর ২০২৬ হবে ২৪২ সিমেস্টারের শেষ দিন। ঐ দিনই ২৪২ সিমেস্টারের টিউটোরিয়াল ক্লাস শেষ হবে। পাঠ সম্পর্কিত আপনার সকল সমস্যা টিউটোরিয়াল ক্লাস চলাকালীন টিউটরের নিকট উপস্থাপন করুন এবং সমাধান জেনে নিন। এরপর লিখিত পরীক্ষার জন্য আপনি চূড়ান্ত প্রস্তুতি নিতে শুরু করুন।

## টিউটোরিয়াল ক্লাস, টিউটর ও এ্যাসাইনমেন্ট

আপনার নিবন্ধিত প্রতিটি কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত স্টাডি সেন্টারে একজন করে টিউটর (নির্ধারিত সংখ্যক ছাত্র নিবন্ধন ও টিউটর পাওয়া সাপেক্ষে) থাকবেন। এই টিউটোরিয়াল ক্লাসগুলো প্রথাগত শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস থেকে পৃথক। আপনাকে ক্লাসে বসে পাঠ গ্রহণের আনন্দ দেয়ার জন্য এবং পাঠে কিছুটা ব্যক্তিক স্পর্শ দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় এই ক্লাসগুলোর আয়োজন করেছে। উল্লেখ্য যে, শুধুমাত্র ঢাকা কলেজের শিক্ষার্থীগণ নির্ধারিত ক্লাসের তারিখ অনুযায়ী বাউবি'র স্কুল অব বিজনেসের অভ্যন্তরীন শিক্ষকদের পরিচালিত অনলাইন ক্লাসের পাঠগ্রহণ করবেন।

টিউটর আপনার পাঠের অসুবিধা দূর করার চেষ্টা করবেন এবং এ্যাসাইনমেন্ট সংক্রান্ত প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন। ক্লাসে অংশগ্রহণ আপনার জন্য বাধ্যতামূলক নয়। তবে শেখার আনন্দ লাভের জন্য এবং পাঠ গ্রহণকে সহজ করার জন্য আপনাকে টিউটোরিয়াল ক্লাসে অংশ গ্রহণের পরামর্শ দিচ্ছি।

এই ক্লাসগুলো শুধুমাত্র শুক্রবারে অনুষ্ঠিত হবে এবং টিউটর শুধুমাত্র টিউটোরিয়াল ক্লাসের সময়ে আপনাকে পাঠে সহায়তা প্রদান করবেন। এসঙ্গে স্কুলের অনুমোদিত বিভিন্ন স্টাডি সেন্টারের নাম, ঠিকানা ও টিউটোরিয়াল ক্লাসের তারিখ ও সময় সংযুক্ত থাকছে। আপনি যে কোন কেন্দ্রে টিউটোরিয়াল ক্লাস করার সুযোগ পাবেন, তবে আপনার এ্যাসাইনমেন্ট আপনার নির্ধারিত কেন্দ্রের টিউটরের কাছে জমা দেবেন। আপনি যদি টিউটোরিয়াল ক্লাস না করেন তাহলেও চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সের এ্যাসাইনমেন্ট অবশ্যই আপনার স্টাডি সেন্টারের সংশ্লিষ্ট টিউটরের কাছে জমা দিবেন। পূর্ববর্তী সিমেস্টারের এ্যাসাইনমেন্ট আপনি যদি না দিয়ে থাকেন তবে আপনি সেই এ্যাসাইনমেন্ট তে শূন্য পাবেন। চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সসমূহের এ্যাসাইনমেন্ট অবশ্যই চলতি সিমেস্টারেই জমা দিতে হবে। উল্লেখ্য যে, শুধুমাত্র ঢাকা কলেজের শিক্ষার্থীগণ এ্যাসাইনমেন্ট সমুহ বাউবি'র পিজিডিএম প্রোগ্রাম সমন্বয়কারীর নিকট জমা দিয়ে রিসিভ কপি সংরক্ষন করবেন।

## টিউটোরিয়াল ক্লাসের সময়

সাধারণত সিমেস্টার চলাকালীন সময়ে কেন্দ্র ভিত্তিক নির্ধারিত ৮টি শুক্রবারে সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত স্কুল অব বিজনেসের টিউটোরিয়াল ক্লাস নেয়া হয়। চলতি ২৪২ সিমেস্টারের ক্লাস ১০ জুলাই ২০২৬ তারিখ থেকে শুরু হবে কিন্তু আপনার স্টাডি সেন্টারে কোন্ কোন্ তারিখ টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে তার তারিখ ও সময় পৃষ্ঠা-৭ থেকে জেনে নিন।

## টিউটোরিয়াল ক্লাসের গুণগত মান

টিউটোরিয়াল ক্লাসের মান কেমন তা আমাদের জানা প্রয়োজন। আগামীতে আমরা কী করে আপনাদেরকে আরও ভাল টিউটর সেবা প্রদান করতে পারি তা নিয়ে আমরা চিন্তিত। তাই ১৩ পৃষ্ঠায় প্রদত্ত টিউটর মূল্যায়ন পত্রটি অবশ্যই ২৭ জুলাই ২০২৬ এর পর পূরণ করে পাঠাবেন। **আপনার মতামতের সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।**

## ছাত্র তথ্য ব্যাংক

আপনাদের সম্পর্কে স্কুল অব বিজনেসে একটি তথ্য ব্যাংক খোলা হয়েছে। যদি আপনি ইতোপূর্বে এই ফর্ম না পাঠিয়ে থাকেন, তাহলে এই সাথে যুক্ত ফর্মটি পূরণ (পৃষ্ঠা-১২) করে শীঘ্রই স্কুলের ঠিকানায় পাঠাবেন অথবা mollikag.du@gmail.com বরাবর email করবেন। ছাত্র তথ্য ব্যাংকে আপনার নাম থাকলে, স্কুল অব বিজনেসের বিভিন্ন কার্যক্রমে আপনার অংশগ্রহণ প্রয়োজন বিবেচিত হলে তা নিশ্চিতকরণ সহজ হবে। এর ফলে ভবিষ্যতে আপনার বিভিন্ন সমস্যার সমাধানও সহজতর হবে। আশা করি ফর্মটি পূরণ করে স্কুলে প্রেরণ করতে ভুলবেন না। যদি স্কুলের নিকট আপনার কিছু জিজ্ঞাস্য থাকে তাও পত্রে বা email এ উল্লেখ করুন। যদি ডাকযোগে প্রেরন করেন তাহলে উত্তর প্রাপ্তির সুবিধার্থে এর সাথে আপনার ঠিকানাসহ স্ট্যাম্পযুক্ত একটি ফেরত খাম পাঠাবেন।

## যোগাযোগ

প্রোগ্রাম/টিউটরিয়াল সার্ভিস/ফলাফল/ভর্তি সম্পার্কিত যেকোন ধরনের পরামর্শ ও অভিযোগ সরাসরি ডীন, স্কুল অব বিজনেস-কে জানানোর জন্য নিচের প্রক্রিয়া অনুসরণ করুনঃ

১। ই-মেইল করুনঃ **deanoffice.sob@gmail.com**

২। একটি ফিরতি মেইল Reply পাবেন, ফিরতি মেইলটি চেক করুন

৩। ফিরতি মেইলে প্রাপ্ত Online **INFORMATION FORM** টি যত্নসহকারে পূরণ করুন এবং Submit বাটন এ ক্লিক করুন। আপনার অভিযোগ ও পরামর্শ আমাদের নিকট তাৎক্ষণিকভাবে পৌঁছে যাবে।

**অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম**
ডীন
স্কুল অব বিজনেস, বাউবি
Email: islammayenul@bou.ac.bd

প্রোগ্রাম সম্পার্কিত যেকোন রকম (পরীক্ষা ও কোর্স রেজিস্ট্রেশনের তারিখ/বই/এ্যাসাইনমেন্ট/টিভি ও রেডিও প্রোগ্রাম ইত্যাদি) তথ্যাদি জানার জন্য সরাসরি সমন্বয়কারী ও যুগ্ম-সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম কে ইমেইল অথবা ফোন করুনঃ

**ড. মল্লিকা ঘোষ**
সহযোগী অধ্যাপক, স্কুল অব বিজনেস
এবং
সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম

ফোন ঃ +৮৮০২৯৯৬৬৯১১০৬, ০১৭৯৯৭৮১৪৮৭ পি.এ.বি.এক্স. ০৯৬৬৬৭৩০৭৩০ এক্সট. ৮৪১।
ই-মেইল mollikag.du@gmail.com

**এমএস শাহিমা জেবিন**
প্রভাষক, স্কুল অব বিজনেস
এবং
যুগ্ম-সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম

২৪২ সিমেস্টারের পরীক্ষা আগামী ০৬ নভেম্বর ২০২৬ (সম্ভাব্য) তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার রুটিন ও সময়সূচী বাউবির ওয়েবসাইট এবং সংবাদপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়া আপনি নিকটস্থ আঞ্চলিক কেন্দ্র থেকেও পরীক্ষার রুটিন ও সময়সূচী জেনে নিতে পারবেন। উল্লেখ্য যে, স্কুল পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়সূচী প্রয়োজনবোধে পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে। তবে পরিবর্তিত যে কোন তারিখ ও সময়সূচী যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

## ২৪২ সিমেস্টারের পরীক্ষার সম্ভাব্য রুটিন

| তারিখ | দ্বিতীয় সিমেস্টারের কোর্সসমূহ |
|---|---|
| | ৯:৩০ -১২:৩০ (সকাল) |
| ০৬ নভেম্বর ২০২৬ | MGC 2305 / MGD 2305: Business English |
| ১৩ নভেম্বর ২০২৬ | MGD 2306: Micro Economics |
| ২০ নভেম্বর ২০২৬ | MGC 2307 / MGD 2307: Entrepreneurship Development |
| ২৭নভেম্বর ২০২৬ | MGD 2308: Introduction to Management Accounting |
| ০৪ ডিসেম্বর ২০২৬ | MGD 2309: Financial Management |

## পরীক্ষার ফরম পূরণ এবং পরীক্ষা

*চলতি ২৪২ সিমেস্টারে রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের জন্য পরীক্ষার ফরম পূরণ করার প্রয়োজন নেই তবে পূর্ববর্তী সিমেস্টারে রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার ফর্ম পূরণ বাধ্যতামূলক। নির্ধারিত সময়ে আপনি পরীক্ষার ফরম পূরণ করে আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা না দিলে আপনার জন্য পরীক্ষা নেয়ার ব্যবস্থা* ***স্টাডি সেন্টারে*** *থাকবে না। আপনি যদি পরীক্ষা অন্য কোন কেন্দ্র থেকে দিতে চান তবে ফর্মের সাথে একটি আবেদনপত্র আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা দেবেন। ২৭ জুলাই ২০২৬ তারিখের মধ্যে আপনি পরীক্ষার ফরম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা দিতে পারবেন। আপনি সর্বোচ্চ ৫ টি কোর্সে পরীক্ষা দিতে পারবেন। পরীক্ষার ফরম পূরণ ও জমা দেয়ার এই তারিখ কোনক্রমেই বাড়ানো হবে না।*

চলতি সিমেস্টারে (২৪২) নিবন্ধনকৃত কোন কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান বা পরীক্ষার ফরম পূরণ করতে হবে না। আপনি যদি পূর্ববর্তী সিমেস্টারে নিবন্ধিত কোন কোর্সের পরীক্ষা এই সিমেস্টারে দিতে চান তবে *২৫ সেপ্টেম্বর* ২০২৬ এর মধ্যে ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা (প্রতি কোর্সের জন্য) জমা দিয়ে পরীক্ষার নির্দিষ্ট ফর্ম পূরণ করুন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা দিন।

একটি সিমেস্টারে আপনি যে সকল কোর্সে নিবন্ধন করবেন, ঐ সিমেস্টারের পরীক্ষাসহ পরবর্তী চারটি সিমেস্টারের পরীক্ষায় আপনি উক্ত নিবন্ধনকৃত কোর্সসমূহে সর্বোচ্চ ৩ বার পরীক্ষা দিতে পারবেন। যেমন, নিচে স্কুল অব বিজনেস-এর ধারাবাহিক সিমেস্টারগুলি লক্ষ্য করুন। আপনি যদি ২৫১ সিমেস্টারে কোন কোর্সে নিবন্ধন করেন, তবে আপনি সেই কোর্সে ২৫১ সহ তিনটি সিমেস্টারের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। নিচে স্কুল অব বিজনেস এর ধারাবাহিক সিমেষ্টারগুলি দেখানো হলো :

| | | | |
|---|---|---|---|
| সিমেস্টার | **২৫১** | ২৬১ | ২৭১ |

আবার আপনি ২৪২ সিমেস্টারে যেসকল কোর্সে নিবন্ধন করবেন, সেসকল কোর্সে চলতি ২৪২ এবং পরবর্তী ২৫২ ও ২৬২ এই তিনটি সিমেস্টারের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

| | | | |
|---|---|---|---|
| সিমেস্টার | ২৪২ | ২৫২ | **২৬২** |

চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সের জন্য চলতি সিমেস্টারের পরীক্ষা ব্যতীত পূর্ববর্তী সময়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে কোর্স প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা করে জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যেই পরীক্ষার ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা দিতে হবে। পরীক্ষার ফর্ম পূরণ করেও পরীক্ষা না দিলে, তা পরীক্ষা দেয়া হয়েছে বলে গণনা করা হবে এবং লিখিত পরীক্ষায় শূন্য (০) নম্বর যোগ হবে। একটি কোর্সের পরীক্ষায় তিন বার অবতীর্ণ হলে যে পরীক্ষায় সবচেয়ে বেশী নম্বর পাওয়া যাবে সেটাই জিপিএ নির্ধারণে অন্তর্ভুক্ত হবে। চলতি সিমেস্টার এবং পরবর্তী চারটি সিমেস্টারের মধ্যে মোট তিন বার পরীক্ষায় অবতীর্ণ হওয়া সত্ত্বেও (বা অবতীর্ণ না হয়ে) যদি কোন কোর্সে ন্যুনতম D গ্রেড না পাওয়া যায়, তবে ঐ কোর্সে পুনরায় পিজিডিএম প্রোগ্রামের জন্য ৬৯৬/- (ছয়শত ছিয়ানব্বাই) টাকা কোর্স ফি এবং সিআইএম প্রোগ্রামের জন্য ৬৯৬/- (ছয়শত ছিয়ানব্বাই) টাকা ফি জমা দিয়ে পুনঃনিবন্ধন করতে হবে।

- *আপনি যে স্টাডি সেন্টারের ছাত্র, পরীক্ষা সেই কেন্দ্রে অনুষ্ঠিত নাও হতে পারে। বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রে একাধিক স্টাডি সেন্টার থাকলেও প্রত্যেক আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে মাত্র একটি বা দুটি নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে। আপনার পরীক্ষার কেন্দ্র কোন স্টাডি সেন্টারে হবে তা ২৭ জুলাই ২০২৬ তারিখের পর সংশ্লিষ্ট আঞ্চলিক/স্থানীয় কেন্দ্র থেকে জেনে নিন।*

## পরবর্তী সিমেস্টারে নিবন্ধন

আগামী ২৫১ সিমেস্টারের কোর্সে নিবন্ধনের কাজটি নিম্নলিখিত সময় অনুযায়ী সেরে নিন। নিচে উল্লিখিত তারিখের পর আপনি ২৫১ সিমেস্টারের কোর্সে নিবন্ধনের আর কোন সুযোগ পাবেন না।

| | **যে সকল কোর্সে নিবন্ধন করা যাবে*** | **নিবন্ধনের সময়** |
|---|---|---|
| **১ম সিমেস্টারের কোর্সে নিবন্ধন**<br>(সকল ছাত্রের জন্য) | MGC 1301 / MGF 1001: Principles of Management<br>MGC 1302 / MGF 1002: Principles of Accounting<br>MGC 1303 / MGF 1003: Principles of Finance<br>MGC 1304 / MGF 1004: Principles of Marketing | ০৮ জানুয়ারী ২০২৭–<br>০৭ এপ্রিল ২০২৭ |
| **৩য় সিমেস্টারের কোর্সে নিবন্ধন**<br>(পুরাতন ছাত্রের জন্য)<br>ইতোপূর্বে প্রাককোর্সে নিবন্ধন সাপেক্ষে | MGD 3310: Marketing Management<br>MGD 3311: Macro Economics<br>MGD 3313: Personnel Management<br>MGD 3314: Business Law<br>MGD 3315: Introduction to Statistics | ০৮ জানুয়ারী ২০২৭–<br>০৭ এপ্রিল ২০২৭ |

## পরীক্ষা ব্যবস্থা

স্কুল অব বিজনেস-এর সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট প্রোগ্রামের পরীক্ষা ব্যবস্থাটি ভালোভাবে বুঝে নিন। সংশ্লিষ্ট সিমেস্টারে যে সকল কোর্সে ছাত্র নিবন্ধন করা হবে কেবল সে সকল কোর্সের জন্যই সিমেস্টার শেষে চূড়ান্ত পরীক্ষার ব্যবস্থা থাকবে। অর্থাৎ প্রত্যেক বৎসর প্রথম সিমেস্টার (জানুয়ারী-জুন) শেষে **১**ম ও **৩**য় লেভেলের কোর্সের চূড়ান্ত লিখিত পরীক্ষা এবং দ্বিতীয় সিমেস্টার (জুলাই- ডিসেম্বর) শেষে **২**য় লেভেলের কোর্সের চূড়ান্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। আপনার নিজস্ব পরিকল্পনা অনুসারে নির্ধারিত সময়ে প্রোগ্রাম সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন সিমেস্টারে কোর্সে নিবন্ধনের সময় এ বিষয়টি লক্ষ্য রাখবেন।

একজন ছাত্র কোন একটি কোর্সে মান উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন সিমেস্টার ছাড়াও পরবর্তী চার সিমেস্টারে আর দুই বার অতিরিক্ত ফি জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেন। তবে যদি কোন ছাত্র সকল কোর্স সম্পন্ন করার পর প্রোগ্রামের সার্টিফিকেট ও নম্বরপত্র সংগ্রহ করেন তবে সেই ছাত্র আর মানোন্নয়ন করার সুযোগ পাবেন না। প্রোগ্রাম সম্পন্নের সার্টিফিকেট ও নম্বরপত্র সংগ্রহ করার পরও যদি আপনি মানোন্নয়নে বিশেষ ভাবে আগ্রহী হন বা মানোন্নয়ন প্রয়োজনীয় মনে করেন, তবে আপনি উক্ত কারণ উল্লেখপূর্বক একটি আবেদনপত্র "ডিন, স্কুল অব বিজনেস, বাউবি" বরাবর জমা দিতে পারেন। আবেদনপত্রের সাথে অবশ্যই আপনার সংগৃহীত সার্টিফিকেট ও নম্বরপত্র-এর মূল কপি জমা দিতে হবে। এরূপ আবেদনে বাউবি'র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে উল্লিখিত পরিস্থিতিতে আপনাকে মানোন্নয়নের সুযোগ দেয়া যাবে।

## আই.ডি. নম্বর সংশোধন

আপনাকে প্রদত্ত আই.ডি. নম্বরে যদি কোন ভুল থাকে বা আপনি যদি ভুল আই.ডি. নম্বর ব্যবহার করেন তবে টিএমএ এবং পরীক্ষায় নম্বর প্রাপ্তিতে জটিলতা বৃদ্ধি পাবে। এজন্য অবশ্যই আপনাকে প্রদত্ত আই.ডি. নম্বরটি সঠিক আছে কিনা তা **১০**-পৃষ্ঠায় দেয়া সংশোধন পদ্ধতি অনুসারে দেখে নিন এবং প্রয়োজনে সংশোধন করে নিন। প্রয়োজনীয় সকল ক্ষেত্রেই আপনাকে প্রদত্ত আই.ডি. **১১** ডিজিট ব্যবহার করবেন। **বিষয়টি অত্যন্ত জরুরী।**

## শৃঙ্খলা বিধি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা সারা দেশে ছড়িয়ে আছেন। আপনার সুন্দর আচরণই বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে বৃদ্ধি করতে সাহায্য করে। তাই ছাত্র হিসেবে আপনাকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের শৃংখলা বিধি মেনে চলতে হবে। মনে রাখবেন, শৃংখলা ভঙ্গের দায়ে অভিযুক্ত হলে বিশ্ববিদ্যালয় আপনার বিরুদ্ধে যে কোন ধরনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আপনার ছাত্র জীবন সুন্দর হোক এবং সফলতার সাথে আপনি প্রোগ্রাম/কোর্সটি শেষ করুন এই কামনা করছি।

# স্কুল অব বিজনেস

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## সিমেস্টার ২৪২

## টিউটোরিয়াল ক্লাসের তারিখ

| আঞ্চলিক/ স্থানীয় কেন্দ্র | স্টাডি সেন্টার | জুলাই ২০২৬ | | আগস্ট ২০২৬ | | সেপ্টেম্বর ২০২৬ | | অক্টোবর ২০২৬ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১০ | ৩১ | ০৭ | ২৮<br>**১ম** এ্যাসাইনমেন্ট | ১১ | ২৫ | ০২ | ০৯<br>**২য়** এ্যাসাইনমেন্ট |
| ঢাকা | **ঢাকা কলেজ (ঢাকা কলেজের শিক্ষার্থীগণের ক্লাস নির্ধারিত তারিখে অনলাইনে অনুষ্ঠিত হবে।)** | √ | √ | √ | √ | √ | √ | √ | √ |
| চট্টগ্রাম | সরকারী সিটি কলেজ | √ | √ | √ | √ | √ | √ | √ | √ |
| রংপুর | বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় | √ | √ | √ | √ | √ | √ | √ | √ |

## টিউটোরিয়াল ক্লাসের সময়

### ১০ জুলাই ২০২৬ থেকে ০৯ অক্টোবর ২০২৬ পর্যন্ত

| ৮:০০ - ৯:০০ | ৯:০০ -১০:০০ | ১০:০০ -১১:০০ | ১১:০০ -১২:০০ | ১২:০০ -১:০০ |
|---|---|---|---|---|
| MGC/ MGD 2305 | MGD 2306 | MGC/ MGD 2307 | MGD 2308 | MGD 2309 |

# Assignment (TMA) সংক্রান্ত নির্দেশনা

মোট নম্বরের শতকরা ২০ ভাগ নম্বর প্রদান করা হবে Assignment-র ভিত্তিতে। তাই সময়মত Assignment জমা দিন। প্রতিটি কোর্সের জন্য আপনাকে দুটি করে Assignment জমা দিতে হবে এবং প্রতিটি Assignment-এর জন্য পৃথক নম্বর বরাদ্দ থাকবে। একটি কোর্সের Assignment-১ এর জন্য ১০ এবং Assignment-২ এর জন্য ১০ অর্থাৎ মোট ২০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

**প্রতিটি কোর্সের** Assignment # 1: **২৮ আগস্ট ২০২৬ এর মধ্যে এবং** Assignment # 2: **০৯ অক্টোবর ২০২৬ এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে।**

- সংশ্লিষ্ট টিউটর বা সমন্বয়কারী ব্যতীত অন্য কারো কাছে Assignment জমা দেয়া হলে পরবর্তীতে Assignment সংক্রান্ত সমস্যায় স্কুল কোন দায়-দায়িত্ব বহন করবে না।
- **প্রত্যেক কোর্সের প্রতিটি** Assignment **জমাদানের সময় পরবর্তী ১০ পৃষ্ঠায় প্রদত্ত নমুনা অনুযায়ী একটি কভার পৃষ্ঠা** Assignment **উত্তরপত্রের সাথে সংযুক্ত করে দিন। প্রয়োজনে প্রদত্ত নমুনা কভার পৃষ্ঠাটি ফটোকপি করে ব্যবহার করতে পারেন। প্রত্যেক কোর্সের প্রতিটি** Assignment **-এর কভার পৃষ্ঠার পর আপনার আইডি কার্ডের (উভর দিক) ফটোকপি সংযুক্ত করে দিবেন। নমুনা কভার পৃষ্ঠার ন্যায় কভার পৃষ্ঠা ও আইডি কার্ডের ফটোকপি ব্যতীত** Assignment **জমা দেয়া হলে পরবর্তীতে** Assignment **সংক্রান্ত সমস্যায় স্কুল কোন দায়-দায়িত্ব বহন করবে না।**

### সাবধানতা

অন্য কারো Assignment নকল করবেন না। নকল একটি শাস্তিযোগ্য অপরাধ। যদি প্রমাণিত হয় যে দু'জন ছাত্রের Assignment হুবুহু এক অথবা কোন ছাত্র অপর কোন ছাত্রের Assignment আংশিকভাবে বা সম্পূর্ণ কপি করেছেন বা আংশিকভাবে পরিবর্তন করে নিজ Assignment প্রস্তুত করেছেন, সেক্ষেত্রে উভয় ছাত্রের Assignment -তে শূন্য নম্বর দেয়া হবে। এক্ষেত্রে উভয় ছাত্রের বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার অধিকার স্কুল অব বিজনেস সংরক্ষণ করে।

# আই.ডি. নম্বর সংশোধন সম্পর্কিত নিয়মাবলী

পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট এবং সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট প্রোগ্রামের সকল ছাত্রদের পরীক্ষার খাতা ও Assignment-তে উল্লিখিত অনেক আইডি নম্বরে ভুল থাকায় Assignment ও পরীক্ষার নম্বর না পাওয়া সম্পর্কিত অনেক অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে প্রত্যেক ছাত্রকে তার নিজ নিজ আইডি নম্বর সঠিক আছে কিনা তা যাচাই- এর মাধ্যমে ভুল নিম্নরূপে সংশোধন করে নেয়ার ব্যাপারে পরামর্শ দেয়া যাচ্ছে। **পরবর্তীতে** Assignment কভার পৃষ্ঠায়, পরীক্ষার উত্তরপত্রে এবং স্কুল বা বাউবি-এর সাথে সকল প্রকার যোগাযোগে সংশ্লিষ্ট ছাত্রকে অবশ্যই তার সংশোধিত ও সম্পূর্ণ আইডি নম্বর ব্যবহার করতে হবে। আপনার আইডি নম্বরটি হবে অবশ্যই ১১ ডিজিটের। ১১ ডিজিটের আইডি নম্বরটি আপনি নিজেই নিম্নরূপে সংশোধন করে নিতে পারবেন :

| A অংশ | | | | B অংশ | | | C অংশ | | | | D অংশ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

**A অংশ ঃ** এই অংশের তিনটি ঘরে আপনি প্রথমে যে সিমেস্টারে ভর্তি হয়ে ছিলেন তা লিখুন। যেমন, এই তিনটি ঘরে হতে পারেঃ ২৪২ ইত্যাদির মধ্যে যে কোন একটি। এটি আপনার ব্যাচ নম্বর নির্দেশ করবে।

**B অংশ ঃ** এই অংশের দুটি ঘরে আপনি যে প্রোগ্রামের ছাত্র হিসেবে ভর্তি হয়েছেন তার কোড নম্বরটি লিখুন। যেমন, সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট প্রোগ্রামের ছাত্র হলে ৩০, এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট প্রোগ্রামের ছাত্র হলে ৩১ লিখতে হবে। এটি আপনি কোন প্রোগ্রামের ছাত্র তা নির্দেশ করবে।

**C অংশ ঃ** এই অংশের তিনটি ঘরে আপনি সর্বপ্রথম যে স্টাডি সেন্টারের অধীনে ভর্তি হয়েছিলেন তা লিখুন। আপনি যদি পরবর্তীতে আঞ্চলিক কেন্দ্র পরিবর্তন করে থাকেন কিংবা অন্য কোন স্টাডি সেন্টারে ক্লাস করেন, তারপরেও এই অংশে আপনার সর্বপ্রথম স্টাডি সেন্টারের কোড নম্বরটি লিখবেন। আপনার সুবিধার্থে সকল স্টাডি সেন্টারের কোড নম্বর নিচে উল্লেখ করা হলো :

**D অংশ ঃ** এই অংশের তিনটি ঘরে ইতোপূর্বে আপনাকে প্রদত্ত আই.ডি. কার্ডে যে আই.ডি. নম্বর দেয়া হয়েছে সেই আই.ডি. নম্বরের শেষ তিনটি ডিজিট লিখবেন।

১. ঢাকা কলেজ-৮১০
২. সরকারী সিটি কলেজ-৮৯২
৩. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়- ৩০৫

# Assignment # | |

**Course Code :**

**Course Name :**

***Prepared and Submitted by:***

**Name:**

**ID Number :** | | | | - | | | - | | | | - | | | |

**Program:**

**First Study Center:**

**Present Study Center:**

**RC / SRC:**

**Submission Semester :** | 2 | 4 | 2 |

| Contact Address : | |
|---|---|
| **Office** | **Residence** |
| Phone/Mobile no :<br>E-Mail:<br>FAX: | Phone/Mobile no :<br>E-Mail:<br>FAX: |

# স্কুল অব বিজনেস

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Assignment প্রাপ্তি রশিদ ফরম

শিক্ষার্থীর নাম :

ID নম্বর : [ ][ ][ ] - [ ][ ] - [ ][ ][ ] - [ ][ ][ ]

| | |
|---|---|
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ আগস্ট ২৮, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ অক্টোবর ০৯, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ আগস্ট ২৮, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ অক্টোবর ০৯, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ আগস্ট ২৮, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ অক্টোবর ০৯, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ আগস্ট ২৮, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ অক্টোবর ০৯, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ আগস্ট ২৮, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 2305/ MGD 2305 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ অক্টোবর ০৯, ২০২৬ এর মধ্যে গ্রহণ করলাম।<br>তারিখ টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |

**বিঃ দ্রঃ- সম্মানিত প্রোগ্রাম সমন্বয়কারী / টিউটরদের অনুরোধ করা যাচ্ছে যে, এ্যাসাইনমেন্ট নির্ধারিত কভার পৃষ্ঠা ও আইডি কার্ডের ফটোকপিসহ জমা দেয়া না হলে এবং এই রশিদে ছাত্রের নাম ও আইডি নম্বর যথাযথ ভাবে লেখা না হলে এ্যাসাইনমেন্ট প্রাপ্তির জন্য কোন স্বাক্ষর প্রদান করবেন না। অন্যথায় পরবর্তীতে কখনও এ্যাসাইনমেন্ট সংক্রান্ত সমস্যা দেখা দিলে তার দায় দায়িত্ব স্কুল বহন করবে না।**

# স্কুল অব বিজনেস

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

### ২৪২ সিমেস্টারের পরীক্ষার নিবন্ধন ফরম

- বর্তমান স্টাডি সেন্টার ঃ ...................................................... আঞ্চলিক কেন্দ্র : ..........................................

প্রত্যয়ন করা যাচ্ছে যে এই কেন্দ্রের রক্ষিত নথি অনুসারে তিনি পরীক্ষা দিতে পারবেন।

আঞ্চলিক কেন্দ্র পরিচালক/স্থানীয় কেন্দ্র সমন্বয়কারী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পরীক্ষার্থীর নাম | | | | | | | | | | | |
| আইডি নম্বর | | | | | | | | | | | |
| যে আঞ্চলিক কেন্দ্রের অধীনে পরীক্ষা দিতে ইচ্ছুক | | | | | | | | | | | |

**পরীক্ষা সংক্রান্ত সাধারণ তথ্য ঃ**

| # | Course Code | | | | | | | Course Name | Registration Semester |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | |

আপনি যদি পূর্ববর্তী সিমেস্টারে নিবন্ধিত কোন কোর্সের পরীক্ষা চলতি সিমেস্টারে দিতে চান, তবে ১০ জুলাই ২০২৬ – ০৯ অক্টোবর ২০২৬ এর মধ্যে কোর্স প্রতি ২৫০/- টাকা জমা দিয়ে (টাকা জমাদানের রশিদ সহ) এই ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক/স্থানীয় কেন্দ্রে জমা দিবেন।

একটি সিমেস্টারে যে সকল কোর্সে নিবন্ধন করা হবে সেই কোর্সসমূহের জন্য পরীক্ষায়, চলতি সিমেস্টারের পরীক্ষা এবং পরবর্তী চার সিমেস্টারের পরীক্ষার মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে দুইবার, সর্বোচ্চ এই তিনবার অবতীর্ণ হওয়া যাবে।

পরীক্ষার ফর্ম পূরণ করেও পরীক্ষা না দিলে, তা পরীক্ষা দেয়া হয়েছে বলে গণনা করা হবে এবং লিখিত পরীক্ষায় শূন্য নম্বর যোগ হবে। কোন কোর্সে উল্লিখিত সর্বোচ্চ তিনবার পরীক্ষায় অবতীর্ণ হওয়া সত্ত্বেও (বা অবতীর্ণ না হয়ে) যদি ন্যূনতম উ গ্রেড না পাওয়া যায়, তবে ঐ কোর্সে পুনরায় সম্পূর্ণ কোর্স ফি (বর্তমানে ৬৯৬ টাকা) জমা দিয়ে পুনঃ নিবন্ধন করতে হবে।

পরীক্ষার্থীর দস্তখত (শিক্ষার্থী কার্ড অনুসারে)

-----✂-----------------------------------------------------------------------------------------------------------

**স্কুল অব বিজনেস, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

**বিশেষ কোড ঃ**

**২৪২ সিমেস্টারের পরীক্ষার প্রবেশপত্র**

পরীক্ষার্থীর নাম.........................................................................................................

ID নম্বর............................................... আঞ্চলিক/স্থানীয় কেন্দ্র..........................................

স্টাডি সেন্টার ........................................... পরীক্ষা কেন্দ্র.............................................

**ছবি**

যে সকল কোর্সে পরীক্ষা দেয়ার জন্য আবেদন করেছেন : (কেন্দ্রের সীল ও স্বাক্ষর)

| | |
|---|---|
| ১. | ৫. |
| ২. | ৬. |
| ৩. | ৭. |
| ৪. | Total.................. (        ) Courses |

(ফাঁকা ঘরগুলি দাগ টেনে কেটে দিন)

# ছাত্র তথ্য ব্যাংক

ছবি
(পাসপোর্ট সাইজ)

নাম ______________________________________________

NAME ____________________________________________ (BLOCK LETTERS)

Date of Birth ____________________________________

Education ______________________________________

Profession ______________________________________

Mailing address: _________________________________

_________________________________

_________________________________

_________________________________

Phone: FAX:

E-mail :

Student Identification (SID) Number ____________________

Why are you interested in BOU programs?

What aspects of BOU attract you most?

What do you want to know about BOU? ____________________________

**RETURN ADDRESS**

**ডীন**
স্কুল অব বিজনেস
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

* স্কুল অব বিজনেসের কোন প্রোগ্রাম সম্বন্ধে কোন তথ্য পাওয়ার আগ্রহ থাকলে চিঠিতে সুস্পষ্ট ভাবে উল্লেখ করুন এবং আপনার নিজ ঠিকানা সম্বলিত (দুই) টাকার ডাকটিকেট যুক্ত একটি খাম পাঠাবেন, তাতে যোগাযোগ আরও সহজতর হবে। অথবা mollikag.du@gmail.com বরাবর e-mail করুন।